



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৯.১৯.৭৬

তারিখ: ২৩ চৈত্র ১৪২৮

০৬ এপ্রিল ২০২২

বিষয়: লালমনিরহাট জেলার হাতিবান্ধা উপজেলাধীন সরকারি আলিমুদ্দিন কলেজ এর জনাব মো: রাজ্জাক খান, প্রভাষক-প্রাণিবিদ্যা বিভাগ ও জনাব মো: গোলাম রসূল, প্রভাষক-গণিত বিভাগ একই সাথে দুই প্রতিষ্ঠানে চাকরি করার বিষয়ে দুদক এনফোর্সমেন্ট ইউনিট এ প্রাপ্ত অভিযোগের বিষয়ে ব্যবস্থা গ্রহণ।

সূত্র: ০০.০১.০০০০.১০৯.৪০.০০১.২১-১০৯৮

লালমনিরহাট জেলার হাতিবান্ধা উপজেলাধীন সরকারি আলিমুদ্দিন কলেজ এর জনাব মো: রাজ্জাক খান, প্রভাষক-প্রাণিবিদ্যা বিভাগ ও জনাব মো: গোলাম রসূল, প্রভাষক-গণিত বিভাগ একই সাথে দুই প্রতিষ্ঠানে চাকরি করার বিষয়ে দুদক এনফোর্সমেন্ট ইউনিট এ প্রাপ্ত অভিযোগের বিষয়ে যাচাই করে প্রতিবেদন দুদক কমিশনকে ই-মেইলে প্রেরণ করার জন্য স্মারক নম্বর : ০০.০১. ০০০০. ১০৯.৩৭.০০১. ২০-৬১৯ তারিখ : ০১/০৪/২০২১ খ্রি. তারিখের পত্রে মাউশিকে নির্দেশনা প্রদান করেন। বর্ণিত বিষয়টি সরেজমিনে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিল করার জন্য তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটি প্রতিবেদন দাখিল করেছে।

তদন্ত কমিটির পর্যবেক্ষণ ও মতামত বিশ্লেষণপূর্বক প্রাপ্ত তথ্যের ভিত্তিতে পরিলক্ষিত বিষয়সমূহ নিম্নরূপ:

১। এই তদন্তের প্রতিবেদনে উল্লিখিত যে কোন তথ্য বিবরণ, বিশ্লেষণ, মতামত অথবা সিদ্ধান্ত বাংলাদেশের যে কোনো আদালতের পর্যবেক্ষণ, সিদ্ধান্ত বা বিবরণের সাথে সাংঘর্ষিক হলে মহামান্য আদালতের রায় বিশ্লেষণ বা পর্যবেক্ষণই চূড়ান্ত বলে বিবেচিত হবে। সেক্ষেত্রে অত্র তদন্ত প্রতিবেদনে সংশ্লিষ্ট কার্যক্রমটি অকার্যকর বলে বিবেচিত হবে।


২। জনাব আবুল কাশেম মো: গোলাম রসূল, প্রভাষক (গণিত) ও জনাব মো: আব্দুর রাজ্জাক খান, প্রভাষক (প্রাণিবিদ্যা), সরকারি আলিমুদ্দিন কলেজ, হাতিবান্ধা, লালমনিরহাট এর বিরুদ্ধে একই সময়ে দুইটি প্রতিষ্ঠানে চাকরি করা সংক্রান্ত আনীত অভিযোগ সত্য বলে প্রতীয়মান হয়েছে। এমতাবস্থায়, তাঁদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া যেতে পারে।

৩। জনাব আবুল কাশেম মো: গোলাম রসূল, প্রভাষক (গণিত) ও জনাব মো: আব্দুর রাজ্জাক খান, প্রভাষক (প্রাণিবিদ্যা), সরকারি আলিমুদ্দিন কলেজ, হাতিবান্ধা, লালমনিরহাট একই সময়ে দুইটি প্রতিষ্ঠান থেকে বিধি বহির্ভূতভাবে আর্থিক সুবিধা গ্রহণ করেছেন যা সরকারি কোষাগারে জমাদানের প্রয়োজনীয় নির্দেশনা দেয়া যেতে পারে।

৪। প্রতিষ্ঠান প্রধান হিসেবে যথাযথ দায়িত্ব পালন না করায় সরকারি আলিমুদ্দিন কলেজ, হাতিবান্ধা, লালমনিরহাট এর প্রাক্তন ও বর্তমান প্রতিষ্ঠান প্রধানকে কারণ দর্শানোর নোটিশ দেয়া যেতে পারে।

এমতাবস্থায়, তদন্ত কমিটির প্রতিবেদনের বিশ্লেষণ, পর্যবেক্ষণ, সুপারিশ এর ক্ষেত্রে উল্লিখিত দুইটি কলেজের অধ্যক্ষ, গভর্নিং বডির সভাপতি এবং উক্ত শিক্ষককে ০৫(পাঁচ) কর্ম দিবস সময় দিয়ে জবাব/ ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে

অনুরোধ করা হলো।



৬-৪-২০২২

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক

ফোন: +88-02-223351057

ইমেইল: dg@dshe.gov.bd

বিতরণ :


- ১) সভাপতি, গভর্নিং বডি, সরকারি আলিমুদ্দিন কলেজ, হাতিবান্ধা, লালমনিরহাট (মতামত প্রদানের জন্য)।
- ২) অধ্যক্ষ, সরকারি আলিমুদ্দিন কলেজ, হাতিবান্ধা, লালমনিরহাট।
- ৩) পরিচালক, আউট অফ চিন্তন ফেইস-২ প্রকল্প, লালমনিরহাট
- ৪) সভাপতি, পরিচালনা কমিটি, ভবানীপুর ছেফাতিয়া কামিল মাদ্রাসা, হাতিবান্ধা, লালমনিরহাট।
- ৫) অধ্যক্ষ, ভবানীপুর ছেফাতিয়া কামিল মাদ্রাসা, হাতিবান্ধা, লালমনিরহাট

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৯.১৯.৭৬/১(৪)

তারিখ: ২৩ চৈত্র ১৪২৮
০৬ এপ্রিল ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, পরিচালক (দৈনিক ও সাম্প্রতিক অভিযোগ সেল), দুর্নীতি দমন কমিশন
- ২) সহকারী পরিচালক, সাধারণ প্রশাসন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ৩) জনাব মো. আব্দুর রাজ্জাক, প্রভাষক (প্রাণিবিদ্যা), সরকারি আলিমুদ্দিন কলেজ, হাতিবান্ধা, লালমনিরহাট।
- ৪) জনাব মো: গোলাম রসুল, প্রভাষক (গণিত), সরকারি আলিমুদ্দিন কলেজ, হাতিবান্ধা, লালমনিরহাট



৬-৪-২০২২

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক